উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদের মে ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ৩০-০৫-২০২৩ খ্রি. দুপুর : ১২.০০টা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, গত এপ্রিল/২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর অত্র কার্যবিবরণী আংশিক সংশোধনী সুপারিশসহ কার্যবিবরণী অনুমোদিত হয়।	আংশিক সংশোধনসহ বিগত এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়	উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০২	উপজেলার কমিটিসমূহের সুপারিশ	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি।
০৩	সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর।
০৪	স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ডা. শাহ এমাদুর রহমান সভায় জানান হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া তিনি জানান ৫নং উত্তর ইউনিয়ন কমিনিউটি স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তারের সংকট থাকায় স্বাস্থ্য সেবা দিতে বাহ্যত হচ্ছে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে এ ব্যাপারে আলোচনা করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৫	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় জানান উপজেলার সর্বমোট সক্ষম দম্পত্তি ১৯,১৯৪জন, উপজেলার সর্বমোট গ্রহণকারীর সংখ্যা ১৪,২৮৫জন, উপজেলার সর্বমোট গ্রহণকারীর হার ৭৪.৪৩%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৬	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, সফলভাবে বোরো ধানের কর্তন হয়েছে। পতিত জমি চাষের আওতায় আনয়নের লক্ষ্যে আউশ আবাদে কৃষকদের পরামর্শ সহয়তা প্রদান করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি অফিসার

চলমানপাতা -০২

০৭	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান আসন্ন পবিত্র ঈদুল আযহা ২০২৩ এ গরু, মহিষ, ভেড়া মোট ৩৪৯৮টি পশু প্রস্তুত করা হয়। কোরবানীর পশুর চামড়া ছাড়ানো ও সংরক্ষন বিষয়ে ৩০জন মাংস প্রক্রিয়াকারীকে প্রশিক্ষন দেওয়া হয়েছে। গবাদিপশুতে স্টেরয়েড হরমোন অপপ্রয়োগ/কুফল সম্পর্কে ৫০জন খামারীকে নিয়ে অবহিতকরণ সভা করা হয়েছে। মাঠ পর্যায়ে গবাদি পশুর LSD (লাম্পি স্কিন ডিজিজ) সংক্রমন প্রতিরোধে টিকা প্রদান ও ভেটোনারি ক্যাম্প পরিচালনা করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৮	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার সভায় জানান মৎস্য অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয় যে, মাঠ পর্যায়ে চলমান বিল নার্সারী কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। বর্তমানে দেশীয় প্রজাতির মাছের প্রজনন মৌসুম চলছে, মৎস্য অধিদপ্তরের পক্ষ থেকে প্রচার প্রচারনা ও অভিযান কার্যক্রম চলমান, মৎস্য আইন বিষয়ে জনগনকে সচেতন করার বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ জনপ্রতিনিধিদের পক্ষ থেকে সর্বাত্মক সহায়তার আহ্বান করা হয়। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	মৎস্য অধিদপ্তরের পক্ষ থেকে প্রচার প্রচারনা ও অভিযান কার্যক্রম চলমান অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য অফিসার
০৯	প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে সাধারন/বিশেষ টিআর/কাবিটা/কাবিখা খাদ্যশস্য তালিকা ইতিমধ্যে জেলা হতে অনুমোদন হয়েচে। তাছাড়া ৩নং ঘিলাছড়া ইউনিয়ন হতে সকল উন্নয়নমূলক প্রকল্পের তালিকা পাওয়া গেছে। যেহেতু গত কার্যবিবরনীতে উল্লেখ করা হয়েছে কাজ বাস্তবায়নের সময়সীমা জুন/২৩ এমতাবস্থায় আবারো বিশেষ/সাধারন টিআর/কাবিটা/কাবিখা ১ম ও ২য় পর্যায়ের কাজ দ্রুত জুন/২৩ মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। যদি কোন প্রকল্প চেয়ারম্যান কাজ বাস্তবায়নে ব্যর্থ হন তাহলে বরাদ্দর লেফসসহ/সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে যা পরবর্তীতে কোন অভিযোগ গ্রহন যোগ্য হবে না মর্মে সভায় উথাপন করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	২০২২-২৩ অর্থ বছরে সাধারন/ বিশেষ টিআর/কাবিটা/কাবিখা খাদ্যশস্য এর উন্নয়নমূলক প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১০	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
১১	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, গত ২৫/০৫/২০২৩ তারিখে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম প্রান্তিক মূল্যায়ন সমাপ্ত হয়েছে। প্রতি মাসে অনলাইন এ কমপক্ষে ২০টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন হয়ে থাকে জুন মাসের ৬,৭ তারিখে ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব ফুটবল টুর্নামেন্ট অনুমোদিত হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১২	মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জনান, ১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উপকার-ভোগিদের মাসিক ২২০/-(দুইশত বিশ) টাকা হারে নিজ নিজ ব্যাংক হিসাবে সঞ্চয় জমা করণের বাধ্যকতা রয়েছে। এ কারণে প্রত্যেক ইউনিয়নে মহিলাদের ব্যাংক হিসাব খুলে হিসাব নম্বর উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে প্রেরনের জন্য ইতিপূর্বে অনুরোধ করা হয়েছিল, কিন্তু অদ্যবধি শুধুমাত্র উত্তর ফেঞ্চুগঞ্জ ছাড়া বাকী ৪টি ইউনিয়ন ব্যাংকে হিসাব খোলার কাজ সম্পন্ন করেন নাই। এ ব্যাপারে যথাযথ গুরুত্ব দিয়ে দ্রুততার সাথে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করা হয়। কারন উপকারভোগিদের কাছ থেকে আদায়কৃত সঞ্চয়ের অর্থ কোনভাবেই হস্তমজুদ রাখা যাবে না। ২। অত্র কার্যালয়টি পুরনো ভবনের নীচতলায় হওয়ায় ভবনের প্রবেশ পথে বৃষ্টির পানিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়। আসন্ন বর্ষাকালে যা প্রকট আকার ধারন করতে পারে এবং সেবা গ্রহিতারা অফিসে আসতে বাঁধা প্রাপ্ত হতে পারে। তাই উপজেলা পরিষদের পুরাতন অফিস কক্ষ দুটি বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন করা যাচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উপকার-ভোগিদের মাসিক ২২০/-(দুইশত বিশ) টাকা হারে নিজ নিজ ব্যাংক হিসাবে সঞ্চয় জমা করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের পুরাতন অফিস কক্ষটি ১ম অবস্থায় মহিলা বিষয়ক অফিসকে বরাদ্দ প্রদান করা হলে পত্রের মাধ্যমে বরাদ্দটি বাতিল করার জন্য মহিলা বিষয়ক অফিস হতে পত্র প্রদান করা হলে, পরবর্তীতে উপজেলা পিআইও অফিসের ত্রানের মালামাল, শুকনা খাবার, কম্বল ইত্যাদি রাখার জন্য শুধুমাত্র চেয়ারম্যানের অফিস কক্ষের ১ম কক্ষটি গোদাম হিসেবে ব্যবহার করার জন্য বরাদ্দ প্রদান করা হয়। যেহেতু পিআইও অফিসকে ইতিমধ্যে দেয়া হয়ে গেছে সেহেতু পুনরায় মহিলা বিষয়ক অফিসকে বরাদ্দ দেয়ার সুযোগ নেই।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ উপজেলা মহিলা বিষয়ক অফিসার

চলমানপাতা-০৩

<table>
<tr><td>১৩</td><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ সম্পন্ন। এছাড়া তিনি জানান জনবল সংকটের কারনে যুব ঋণ আদায় কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে।</td><td>যুব ঋণ আদায়ের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন ১। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ এর মধ্যে ১৩০টি নলকূপ স্থাপন করা হয়েছে। ২। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের (৪র্থ পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি নলকূপ চলমান ৩। "হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প" (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ এর মধ্যে ৭৯টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। ৪। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'(৪র্থ পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৩১১টি নলকূপ এর মধ্যে ৩৪টির নির্মাণ কাজ চলমান রয়েছে।
৫। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প'(৪র্থ পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ইস্প্রভড ল্যাট্রিন এর মধ্যে ১১ টির নির্মাণ কাজ চলমান। এছাড়া স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td><td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
<tr><td>১৫</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।</td><td>সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় 1</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা প্রকৌশলী বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান এছাড়া তিনি আরোও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে গত ২৮/০৫/২০২৩ তারিখে ৪৬.০০.০০০০. ০৪৫.২০.০০৪.২২-৫৯৮নংস্মারকের ২০২২-২০২৩ অথবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে ফেঞ্চুগঞ্জ উপজেলায় ১৫(পনেরো) লক্ষ টাকা বরাদ্দ পাওয়ায় জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ, সিলেট-৩ এর পরামর্শ অনুযায়ী নিম্নে প্রকল্পসমুহ অনুমোদনের জন্য নিম্নে উত্থাপন করেন। এছাড়া তিনি আরোও জানান উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২৩ মাসে মাসিক সভায় ৫০নং ফেঞ্চুগঞ্জ পূর্ব বাজার ইউনিয়ন ভূমি অফিসের দক্ষিণ পাশ হতে ফেঞ্চুগঞ্জ বাজারের গরুর হাট পর্যন্ত আরসিসি দ্বারা উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত হয় বর্তমানে উক্ত প্রকল্পটি ভূমি সংক্রান্ত জটিলতার কারনে উক্ত স্থানে প্রকল্প বাস্তবায়ন সম্ভব নয় বিধায় প্রকল্পটিকে সংশোধনক্রমে কাসিম আলী মডেল সরকারী বিদ্যালয় হয়ে সহকারী কমিশনার (ভূমি) অফিসের পাশ হয়ে থানারোড চৌরাস্তা পর্যন্ত ৩০০ মিঃ রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন হবে। তিনি আরোও বলেন ১ম,২য়, ৩য় কিস্তি ৫৬ লক্ষ টাকা বরাদ্দ দেয়ায় তার ভিত্তিতে ধরে প্রকল্প নেয়া হয় পরবর্তীতে ৪র্থ কিস্তিতে বরাদ্দ ৫৯ লক্ষ টাকা দেয়ায় ২ লক্ষ ৪৭ হাজার বেশি হওয়ায় নিম্নে আরোও দুটি গ্রহণ করা হলো।
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>তহবিলের নাম</th><th>পরিমান (টাকা)</th></tr>
<tr><td>০১</td><td>ঘিলাছড়া বাদেউলি গ্রামে ক্যাপ্টেন ফারুক মিয়ার বাড়ির সামন হতে নিমার আলীর বাড়ির সামন পযর্ন্ত আরসিসি রাস্তা নির্মাণ। (২য় অংশ)</td><td>এডিপি</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>ঘিলাছড়া পূর্ব যুষ্টিপুর পূর্ব মসজিদ হতে আলালে বাড়ির সামন পযর্ন্ত আরসিসি দারা রাস্তায় উন্নয়ন। (১ম অংশ)</td><td>এডিপি</td><td>৫,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>শরিফগঞ্জ সারকারখানা সড়ক হতে মুহিতের বাড়ির সামন পযর্ন্ত আরসিসি রাস্তা নির্মাণ।</td><td>এডিপি</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>শরিফগঞ্জ মোলা টিলা জাহাঙ্গীর মিয়ার বাড়ির সামন হতে শিপুর বাড়ির সামন পযর্ন্ত আরসিসি রাস্তা নির্মাণ।</td><td>এডিপি</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>মানিকোনা মাদ্রাসা সামন হতে ডাক্তার মিনহাজ সাহেবের বাড়ির সামন পযর্ন্ত আরসিসি রাস্তা নির্মাণ।</td><td>এডিপি</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>কুইয়াছড়া কালভার্ট হতে কালা মিয়ার বাড়ি পর্যন্ত ইট সোলিং</td><td>এডিপি</td><td>১,৪৭,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>পূর্ব কর্মখা উত্তর পাড়া ইউনিয়ন পরিষদের সামনে পাশের রোডে ইউ ড্রেন নিমার্ণ</td><td>এডিপি</td><td>১,০০,০০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিষদের পেজেটেট কোয়াটারের দ্বিতীয় তলা মেরামত করণ</td><td>রাজস্ব তহবিল</td><td>৫০,০০০/-</td></tr>
</table></td><td>৫০ এর আওতাভূক্ত স্কীমসমূহ উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য অনুমোদন করা হলো।

ক্রমিক নং ০১-০৭ পর্যন্ত RFQ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ০৮ নং প্রকল্পটি উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ ও উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১৭</td><td>বিআর ডিবি বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
</table>

চলমানপাতা -০৪

১৮	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	উপজেলা সমবায় অফিসার
১৯	বন বিভাগ	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা
২০	পল্লী সঞ্চয় ব্যাংক	পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান ২০২২-২০২৩ বছরে মে ৩০ পর্যন্ত মোট ঋণ আদায় ২ কোটি ৮৪ লক্ষ টাকা এবং ঋণ বিতরন করা হয় ২কোটি ৬২ লক্ষ টাকা সঞ্চয় আদায় ২৫ লক্ষ টাকা। খেলাপী ঋণ আদায়ে জুন মাসে বিশেষ কার্যক্রম হিসেবে গ্রুপ ওয়ার্ক চলমান রয়েছে। জুন শেষে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের ব্যাংক সফলতার মুখ দেখতে পারবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
২১	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান ফেঞ্চুগঞ্জ উপজেলায় ৩৯ মে.টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। সংগ্রহ কার্যক্রম চলবে ৩১শে আগস্ট/২৩ পর্যন্ত প্রাপ্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সভার সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি। সরকারের অত্যান্ত গুরুত্বপূর্ণ খাদ্য বান্ধব কর্মসূচীর বাদ পড়া ১০৫জন ভোক্তার অনলাইন ডাটাবেইজ সম্পন্ন করার জন্য সার্ভার খোলে দেয়া হয়েছে। প্রত্যেক ইউনিয়নের ইউডিসিদের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে অনলাইন ডাটাবেইজ সম্পন্ন করার জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।	সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট
২২	পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট
২৩	তথ্য আপা	তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান বর্তমান মে/২৩ মাসে ৩টি উঠান বৈঠকের নির্দেশনা এসেছে যাহা এই সপ্তাহ থেকেই অনুষ্ঠিত হবে। উপজেলা পরিষদে প্রকল্পের অফিস স্থানান্তরে ভাড়া নির্ধারণ করা হলে প্রকল্পে ডিপিপি মোতাবেক ১৫% এবং ৫% আয়করসহ সর্বোচ্চ ১০ হাজার টাকার মধ্যে নির্ধারন করার জন্য সংশ্লিষ্টজনের প্রতি অনুরোধ জানান। ভ্যাট ও আয়কর প্রকল্প প্রধান অফিস হতে কেটে রেখে অবশিষ্ট টাকা পরিষদকে প্রদান করা হবে মর্মে ডিপিপিতে উল্লেখ আছে। এছাড়া তথ্য আপা প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয় এবং উপজেলা পরিষদের পুরাতন ভবনের ইউনো অফিস কক্ষ, এও কক্ষ, সিএ এর কক্ষ এবং চা রুমসহ মোট ০৪ কক্ষ ব্যবহারের জন্য অনুমোদন করা হলো।	তথ্য সেবা কর্মকর্তা
২৪	বিবিধ-০১	ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ উপজেলা চেয়ারম্যান মহোদয়ের মে/২৩ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান এর মে/২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২৩ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- খ) মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ উপজেলা পরিষদের একজন মালী ৫৫০হারে মে/২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০হারে মে২৩ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়।	উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট
	বিবিধ-০২	গ) আপ্যায়ন বিল সংক্রান্তঃ মে ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/-(ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয় এবং ভাইস চেয়ারম্যাগণের সভাপতিত্বে গঠিত ১৭(সতের) টি কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/-(আট হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়। ঘ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক মে ২০২৩ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- করার জন্য সভায় আলোচনা করা হয়। ঙ) ইন্টারনেট বিল সংক্রান্তঃ উপজেলা পরিষদের ইন্টারনেট বিল বাবদ এপ্রিল ও মে ২০২৩ মাসের (৬,০০০X২)=১২,০০০/- (বারো হাজার) টাকা পরিশোধ করার জন্য সভায় আলোচনা করা হয়।	সভার আলোচনান্তে গনং বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ঘনং উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ঙনং উপজেলা পরিষদের ইন্টারনেট বিল রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
	বিবিধ-০৩	চ) বাসা মেরামত সংক্রান্ত ঃ উপজেলা প্রকৌশলী সভায় উত্থাপন করেন উপজেলা পরিষদের ননগেজেটেড কোয়ার্টার ০১ বাসার বাথরুমের ও টয়লেট ময়লার পাইপ লাইন ফেটে অনবরত দুর্গন্ধযুক্ত পানি পড়ছে যা জরুরি ভিত্তিতে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের মৌখিক নির্দেশনা মোতাবেক জনাব মোঃ মাছুম আহমদ আজাদ, গাড়ি চালক, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ মেরামত করেন। মেরামতের বিল বাবদ ভ্যাট আইটিসহ সর্বমোট ১৬,৪০০/-(ষোল হাজার চারশত) টাকা বিল পরিশোধের জন্য আবেদন করেছেন।	চ নং সভায় আলোচনান্তে বিল পরিশোধের নিমিত্তের আবেদনকারীর নামে চেক প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ

চলমান পাতা -০৫

	বিবিধ-০৪	ছ) ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র বিষয়ে অভিযোগ সংক্রান্ত ঃ জনাব জুবদ আহমদ চৌধুরী শিপু, চেয়ারম্যান, ২নং মাইহজগাঁও ইউপি সভায় জানান মাইজগাঁও ইউনিয়নের পাশে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র রয়েছে সেখানে সেখানে নিয়মিত সেবা দেয়া হচ্ছে ফলে সাধারণ জনগন ভোগান্তিতে রয়েছে এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের বরাবর লিখিত অভিযোগ করা হয়েছে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	ছনং সভায় আলোচনান্তে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
		জ) কুশিয়ারা নদীতে ড্রেজিং করে বালু উত্তোলন: জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়নের অর্ন্তরগত এলাকায় কুশিয়ারা নদী হতে ড্রেজারের মাধ্যমে বালু উত্তোলন করার হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।	অবৈধভাবে কুশিয়ারা নদীতে ডেজিং দ্বারা বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), ফেঞ্চুগঞ্জ ও অফিসার ইনচার্জ ফেঞ্চুগঞ্জ থানা
	বিবিধ-০৫	ছ) কম্পিউটার মেরামত সংক্রান্তঃ উপজেলা চেয়ারম্যান সভায় জনানা জনাব মোঃ ফিরোজ আলী, সিএ, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ আবেদন করেন যে, উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিটারের মনিটর নষ্ট হওয়ায় জরুরি একটি মনিটর ক্রয় করা হয়। মনিটরের বিল বাবদ ভ্যাট আইটিসহ ৮,২৬০/- (আট হাজার দুইশত ষাট) টাকা মাত্র।	সভায় আলোচনান্তে বিল পরিশোধের নিমিত্তে উপজেলা রাজস্ব তহবিল হতে আবেদনকারীদের নামে চেক প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ
	বিবিধ-০৬	এ) সাবেক চেয়ারম্যান জনাব সাইফুল্লাহ আল হোসাইন বকেয়া সম্মানী ভাতা সক্রান্তঃ অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সভায় জানান যে, গত ১২ আগস্ট ২০২১খ্রি, তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৫৩.২১.১৩ এর মাধ্যমে জনাব সাইফুল্লাহ আল হোসাইন সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট-কে গত ১০/০৪/২০১৬ তারিখে ৪৬.০৪৬.০২৭.০৮.৯০.০৯৩.২০১৬.৪৩৩ নাং স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের প্রেক্ষিতে তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (রিট পিটিশন নং-১২০৩৩/২০১৬) দায়ের করলে মাননীয় হাইকোর্ট বিভাগ রুল নিশি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্ধিত করেন। গত ১৭/০৮/২০১৭ তারিখে তিনি ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের চেয়রাম্যান হিসেবে পুনরায় যোগদান করে ১৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। গত ২৯/১০/২০২০ তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত ১২০৩৩/২০১৬ নং মামলার চূড়ান্ত রায় প্রদান করেন। উক্ত রায়ে তাকে বকেয়া সম্মানী ভাতা প্রদানের জন্য আদেশ প্রদান করা হয়। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে উপজেলা রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তর) টাকা প্রদান করা হয় এবং রাজস্ব তহবিলে অর্থপ্রাপ্তী সাপেক্ষে অবশিষ্ট টাকা প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে জনাব সাইফুল্লাহ আল হোসাইন সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ বকেয়া সম্মানীভাতা ও বাসাভাড়া প্রদানের জন্য আবেদন করেন। সভায় আলোচনান্তে বকেয়া সম্মানীভাতা ও বাসাভাড়া পরিশোধের জন্য সবাই একমত পোষন করেন।	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নির্দেশনা এবং সভার আলোচনান্তে জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেটকে বকেয়া সম্মানীভাতা ও বাসাভাড়া বাবদ ১৭,১৬,০০০/-(সতেরো লক্ষ ষোল হাজার) ইতিমধ্যে বকেয়া সম্মানীভাতা ও বাসাভাড়া বাবদ ১ম ধাপে ৪,৭৪,০০০/- (চার লক্ষ চুয়াত্তর) হাজার) প্রদান করা হয়েছে। এবং অবশিষ্ট বকেয়া সম্মানী ভাতা ও বাসা ভাড়া ১২,৪২,০০০/- (বারো লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা হতে ২য় ধাপে ৮,১০,০০০/- (আট লক্ষ দশ হাজার) টাকা পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাকী অবশিষ্ট বকেয়া সম্মানী ভাতা ও বাসা ভাড়া ৪,৩২,০০০/-(চার লক্ষ বত্রিশ হাজার) উপজেলা তহবিলের অর্থ প্রাপ্তি সাপেক্ষে সম্মানী ভাতা প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।
	বিবিধ-০৭	ট) বাজেট অনুমোদন সংক্রান্তঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভায় আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত উপজেলা পরিষদের খসড়া বাজেট অনুমোদন করার জন্য সভায় উত্থাপন করেন।	আলোচনান্তে আগামী ২০২৩-২০২৪ অর্থ বাজেট বছরের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার,ফেঞ্চুগঞ্জ ও উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট
		ঠ) উপজেলা পরিষদের পূর্তকাজ পরিচালনার জন্য হিসাব খোলা সংক্রান্তঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভায় জানান উপজেলা পরিষদের পূর্ত কাজ পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা চেয়ারম্যান নামে যৌথ স্বাক্ষরে "উপজেলা পরিষদ পূর্ত হিসাব" খোলা প্রয়োজন।	আলোচনান্তে উপজেলা পরিষদের পূর্ত কাজ পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা চেয়ারম্যান নামে যৌথ স্বাক্ষরে খোলার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, ও উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভাপতির সমাপনী বক্তব্য ঃ অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের উপজেলা চেয়ারম্যান ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করার উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/২০২৬

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1900@gmail

চলমানপাতা -০৬

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০২	জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব তৈফুর রহমান শাহিন, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৪	জনাব জুবেদ আহমদ চৌধুরী শিপু, চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৫	জনাব সাইফুর ইসলাম মনা, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৬	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি, ফেঞ্চুগঞ্জ
০৭	জনাব আবজাল হোসাইন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	জনাব ফারজানা প্রিয়াংকা, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ
০২	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি, ফেঞ্চুগঞ্জ
০৩	জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৪	ডাঃ ইকবাল হোসেন, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০৫	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি জনাব মতি লাল দাশ
০৬	জনাব শেখ আজিম উর রশিদ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ
০৭	জনাব মোঃ আব্দুল মুত্তাকিম, উপজেলা সমাজসেবা অফিসার (অ:দা:), ফেঞ্চুগঞ্জ
০৮	জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ
০৯	জনাব স্বপন কুমার ধর, উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:), ফেঞ্চুগঞ্জ
১০	জনাব আব্দুল্লাহ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ
১১	জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১২	জনাব খাদিজা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), ফেঞ্চুগঞ্জ
১৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী যুব উন্নয়ন কর্মকতা
১৪	জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৫	জনাব লাকী রানী দে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ
১৬	জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ
১৭	জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
১৮	জনাব রোবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ

সভায় জনপ্রতিনিধিদের অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবি

অনুপস্থিত অফিসারের তালিকা ঃ

ক্রমিক নং	নাম ও পদবি
০১	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ
০২	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি
০৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ

চলমানপাতা ০৭

স্মারক নং ০৫.৪৬.৯১৩৫.০০০.০৬.০০১.২৩.৪৪৬ তারিখঃ ৩১ মে ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা..... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ....., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

৩১/৫/২৩
(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☎০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪